

সারাংশ

পশ্চিমবঙ্গের সংসদীয় গণতান্ত্রিক রাজনৈতিক কাঠামোয় নমঃশূদ্র ও পৌণ্ড্রক্ষত্রিয় দলিত জাতির দুটির অংশগ্রহণ নিয়ে আলোচনা করাটা বেশ গুরুত্বপূর্ণ। কারণ হল, পশ্চিমবঙ্গের সংসদীয় রাজনৈতিক নির্বাচনের লোকসভা, বিধানসভাস ও ত্রিস্তর পদ্ধতিতে নমঃশূদ্র ও পৌণ্ড্রক্ষত্রিয় দলিত জাতি দুটির অংশগ্রহণের ভূমিকা বেশ প্রাসঙ্গিক রাজ্যরাজনীতির পালাবদলের প্রেক্ষাপটে। আমরা আমাদের ক্ষেত্রসমীক্ষার সময় এবং প্রধান প্রধান বাংলার সংবাদ মাধ্যমে দেখেছি যে, পশ্চিমবঙ্গের রাজনৈতিক নির্বাচনে সংরক্ষিত আসনগুলোতে নমঃশূদ্র জাতির ব্যাপক প্রভাব থাকে এবং পৌণ্ড্রক্ষত্রিয় জাতির প্রভাব থাকে দক্ষিণ ২৪ পরগণায়। আমাদের গবেষণার ক্ষেত্রসমীক্ষার ক্ষেত্র হিসাবে নদীয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার জেলার উপর সমীক্ষা করে নমঃশূদ্র ও পৌণ্ড্রক্ষত্রিয় জাতির যে সকল রাজনৈতিক অংশগ্রহণের প্রেক্ষাপটের তথ্য পেয়েছি, সেগুলি তাত্ত্বিক কাঠামোর ব্যবহার করে তুলে ধরেছি। তবে এই তুলে ধরার ক্ষেত্রে আমাদের লক্ষ রাখতে হয়েছে, সাক্ষাৎকারগণের দেওয়া তথ্যের সঠিক প্রয়োগের দিকে।

ভারতবর্ষের সব রাজ্যে দলিতদের আর্থসামাজিক এবং রাজনৈতিক অবস্থান ও অংশগ্রহণের ইতিহাস এক রকম নয়। রাজ্যস্তরে বিশেষত জেলাস্তরে এ বিষয়ে ক্ষেত্রসমীক্ষা এবং গবেষণার সংখ্যা তুলনাক্রমে কম। তাছাড়া দলিতদের মধ্যেও সর্বত্র বিভিন্ন উচ্চ-নীচ জাতিস্তর বিদ্যমান। এই কারণেই বিভিন্ন দলিত জাতির ভিন্ন অবস্থান ও ভিন্ন স্বার্থের কারণেই সামাজিক, সাংস্কৃতিক এবং রাজনৈতিক অবস্থানেও দৃষ্টিভঙ্গীগত, আচরণগত পার্থক্য বিদ্যমান। উক্ত বিভেদ ও উন্নয়নের অসম বিকাশের ফলে বিভিন্ন অঞ্চলের মধ্যে রাজনৈতিক অংশগ্রহণের অবস্থানটাও বেশ সহজেই আমাদের চোখে পড়েছে। এই প্রেক্ষিতেই জাতি-ভিত্তিক রাজনৈতিক সংরক্ষণেও দলিতদের মধ্যে বিতর্ক, জাতিগত এবং আঞ্চলিক স্বাতন্ত্র্য লক্ষ্য করতে পেরেছি এবং তা আমরা আমাদের গবেষণায় কমবেশি লিপিবদ্ধ করেছি। প্রসঙ্গত উল্লেখ্য যে, এই গবেষণায় পশ্চিমবঙ্গের পৌণ্ড্রক্ষত্রিয় ও নমঃশূদ্র দলিতজাতি দুটির রাজনৈতিক অংশগ্রহণের একটি তুলনামূলক পর্যালোচনা করা হয়েছে। বিশেষত রাজনৈতিক অবস্থানের ক্ষেত্রে উক্ত দলিতজাতি দুটির সামাজিক অবস্থান, তাদের উচ্চ-নীচ বিভেদ, আঞ্চলিক বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্য, অর্থনৈতিক মেরুকরণ ও পৃথক অবস্থানের যেসকল তারতম্য আমরা পেয়েছি সেগুলো আমাদের গবেষণা মূলক প্রবন্ধে লিপিবদ্ধ করা হয়েছে।

আমাদের দেশের সমাজ ব্যবস্থায় জাতি-ভিত্তিক ভেদাভেদের প্রেক্ষাপটটি কী, রাজনৈতিক নাকি হিন্দু সমাজের রীতি-নীতির ধর্মীয় বিধান, নাকি কর্মনিযুক্ততার উপর ভিত্তি করে প্রোথিত ও গ্রোথিত - এই আলোচনার লক্ষ্যে সেই সত্যের অনুসন্ধান করে সেগুলো লিপিবদ্ধ করেছি । এছাড়াও তাঁদের জাতিগত রাজনৈতিক অংশগ্রহণের সমস্যা সমূহের একটা তুলনামূলক পর্যালোচনা আমরা করেছি ।